# ৪০তম বিসিএস (লিখিত) পরীক্ষা

<u>তিতির</u>

বিষয় কোড : ০০১ ও ০০২

নির্ধারিত সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ২০০

[প্রত্যেক প্রশ্নের মান প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে]

বিষয় কোড : ০০১

নম্বর

১. নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন : ৬ × ৫ = ৩০

ক. শব্দগঠন বলতে কী বোঝায়? কী কী প্রক্রিয়ায় শব্দ গঠিত হয় উদাহরণসহ লিখুন।

খ. বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে অ-তৎসম শব্দের ছয়টি বানান সূত্র লিখুন।

গ. নিচের বাক্যগুলোর শুদ্ধরূপ লিখুন :

১. দুর্বলবশত সে আসতে পারেনি।
২. শুধুমাত্র অফিস চলাকালীন সময়ে দেখা হবে।
৩. সামগ্রিক আলোচনার প্রেক্ষিতে সিদ্ধান্তটি গৃহীত হয়েছে।
৪. দুরারোগ্য ব্যাধির স্বীকারে পরিণত হয়ে পৃথিবীতে বহু মানুষের মৃত্যু হয়।
৫. এ স্মরণিটি কবি নজরুলের স্বরণে নামকরণ করা হয়েছে।
৬. স্বাস্থ্য সকল সুখের মুল।

ঘ. নিচের প্রবাদ-প্রবচন ব্যবহার করে অর্থপূর্ণ বাক্য লিখুন :
আমড়া কাঠের ঢেঁকি; শাক দিয়ে মাছ ঢাকা; তামার বিষ; মিছরির ছুরি; ঠগ বাছতে গাঁ উজাড়; ননীর পুতুল,

ঙ. নিচের বাক্যগুলো নির্দেশ অনুসারে রূপান্তর করুন :

১. শহিদের মৃত্যু নেই। (অস্তিবাচক)
২. ধনীরা প্রায়ই কৃপণ হয়। (জটিল)
৩. তোমার সব জিনিসই দামি। (নেতিবাচক)
৪. জ্ঞানী হলেও তিনি বিনয়ী নন। (যৌগিক)
৫. ভুল সকলেই করে। (প্রশ্নবোধক)
৬. তিনি ধনী ছিলেন; কিন্তু সুখী ছিলেন না। (সরল)

২. ভাব-সম্প্রসারণ করুন : ২০

ক. শৈবাল দিঘিরে বলে উচ্চ করি শির,
লিখে রেখো, এক ফোঁটা দিলেম শিশির।

অথবা

খ. কমল হীরের পাথরটাকে বলে বিদ্যে, আর তা থেকে যে আলো ঠিকরে বেরোয়, তার নাম কালচার।

৩. সারমর্ম লিখুন : ২০

ক. ওরে নবীন, ওরে আমার কাঁচা,
ওরে সবুজ, ওরে অবুঝ,
আধ-মরাদের ঘা মেরে তুই বাঁচা।

রক্ত আলোর মদে মাতাল ভোরে
আজকে যে যা বলে বলুক তোরে,
সকল তর্ক হেলায় তুচ্ছ করে
পুচ্ছটি তোর উচ্চে তুলে নাচা।
আয় দুরন্ত, আয়রে আমার কাঁচা।

অথবা

খ. মৃত্যুর হাত হইতে বাঁচিবার উপায় জগতের একটি প্রাণীরও নাই। সুতরাং এই অবধারিত সত্যকে সানন্দে স্বীকার করিয়া নিয়াও মৃত্যুকে জয় করিবার জন্য একটি বিশেষ কৌশল আয়ত্ত করিতে হইবে। তাহা হইতেছে, অতীতের পূর্ব পুরুষদের সাধনাকে নিজের জীবনে এমনভাবে রূপান্তর করা, যেন ইহার ফলে তোমার বা আমার মৃত্যুর পরেও সেই সাধনার শুভফল তোমার পুত্রাদিক্রমে বা আমার শিষ্যাদিক্রমে জগতের মধ্যে ক্রমবিস্তারিত হইতে পারে। মৃত্যু তোমার দেহকেই মাত্র ধ্বংস করিতে পারিল, তোমার আরব্ধ সাধনার ক্রমবিকাশকে অবরুদ্ধ করিতে পারিল না– এই খানেই মহাপরাক্রান্ত মৃত্যুর আসল পরাজয়।

৪. নিচের প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর দিন : ৩ × ১০ = ৩০

ক. চর্যাপদের ভাষাকে কেন ‘সন্ধ্যা ভাষা’ বলা হয়?
খ. ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের পরিচয় এবং বিষয়বস্তু সম্পর্কে আলোচনা করুন।
গ. ‘মনসামঙ্গল’ কাব্যের বেহুলা চরিত্রটির বৈশিষ্ট্য উল্লেখ করুন।
ঘ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের তিনটি মৌলিক রচনার নাম লিখুন।
ঙ. আধুনিক কবি হিসেবে মাইকেল মধুসূদন দত্তের অবদান ব্যাখ্যা করুন।
চ. শওকত ওসমানের মুক্তিযুদ্ধকেন্দ্রিক তিনটি গ্রন্থের নাম লিখুন।
ছ. রোকেয়া সাখাওয়াত হোসেনের ‘অবরোধবাসিনী’ গ্রন্থের বিষয়বৈশিষ্ট্য বর্ণনা করুন।
জ. আবহমান বাংলার ছবি জীবনানন্দ দাশের কবিতায় কীভাবে চিত্রিত হয়েছে লিখুন।
ঝ. সৈয়দ শামসুল হকের ‘পায়ের আওয়াজ পাওয়া যায়’ কাব্যনাটকটি সম্পর্কে বিশ্লেষণ করুন।
ঞ. মধ্যযুগের রোমান্টিক প্রণয়োপাখ্যানগুলোর বৈশিষ্ট্য সম্পর্কে ধারণা লিপিবদ্ধ করুন।

## বিষয় কোড : ০০২

নম্বর

১. বাংলায় অনুবাদ করুন : ১৫

Plato lamented the destruction of soils and forests in ancient Greece. Dickens and Engels wrote eloquently of the wretched conditions spawned by the 'Industrial Revolution'. Whenever we encounter the term 'pollution' now, we mean environmental pollution, though the dictionary describes Pollution as "the act of making something foul, unclean, dirty, impure, contaminated, defiled, tainted, desecrated ...". Environmental pollution may be described as the unfavorable alteration of our surroundings. It takes place through changes in energy, radiation levels, chemical and physical constitutions and abundance of organisms. It includes release of materials into atmosphere which make the air unsuitable for breathing, harm the quality of water and soil and damage the health of human beings, plants and animals.

২. পড়াশোনা শেষ করে চাকরি গ্রহণ এবং স্ব-উদ্যোগে গৃহীত কোনো কাজের মাধ্যমে জীবিকানির্বাহকরণ সম্পর্কে দুই বন্ধুর মধ্যে একটি সংলাপ রচনা করুন। ১৫

৩. ক. বাংলাদেশে পরিবেশ বিপর্যয়ের কারণ ও পরিণাম বর্ণনা প্রসঙ্গে এর প্রতিকারে পাঁচটি করণীয় বিষয় উল্লেখ করে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করুন। ১৫

অথবা

খ. মাদকাসক্তির কুফল সম্পর্কে সচেতন করে কলেজগামী ছোট ভাইকে একটি পত্র লিখুন।

৪. বাঙালির ইতিহাস-ঐতিহ্যভিত্তিক যে-কোনো গ্রন্থের একটি সমালোচনা লিপিবদ্ধ করুন। ১৫

৫. যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করুন : ৪০

ক. উন্নয়নের অগ্রযাত্রায় বাংলাদেশ

খ. একজন মহীয়সী নারী

গ. বাংলাদেশের পোশাক শিল্প

ঘ. মুক্তিযুদ্ধের চেতনা ও রাষ্ট্রীয় অঙ্গীকার

ঙ. বাঙালির ঐতিহ্য ও কৃষ্টি